



LIBERTY

JUSTICE

EQUALITY

**CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)**

WEST BENGAL STATE COMMITTEE

Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013

Mob: 9883717575, 8420094883

Email: cpdrs.india@gmail.com

দিল্লিতে নামাজিদের ওপর পুলিশি বর্বরতার নিন্দা জানিয়ে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক (১১.০৩.২০২৪) এক বিবৃতিতে বলেন, "উত্তর দিল্লির ইন্দোরলোক এলাকায় নামাজ আদায়ের সময় দিল্লি পুলিশের এক ইন্সপেক্টর নামাজিদের বুটের লাথি মারেন। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এই ঘটনার তীব্র নিন্দা জানাই।

লাথি মারার অজুহাত হিসেবে রাস্তায় নামাজ পড়ার কথা বলা হয়েছে। মনে রাখা দরকার, রাস্তা আটকে যেকোনো ধর্মাচরণ, সে নমাজ হোক কিংবা দুর্গা পূজো, কালি পূজো, যা স্বাভাবিক জীবনযাত্রাকে ব্যহত করে, তা প্রতিকার করার সুনির্দিষ্ট আইনী ব্যবস্থা আছে, কিন্তু এজন্য কোনো পুলিশ অফিসারের কাউকে লাথি মারার অধিকার জন্মায় না।

একটি বিশেষ সম্প্রদায়ের প্রতি যে ঘৃণার বাহিঃপ্রকাশ এই ঘটনায় দেখা গেছে, তা ভারতবর্ষের গণতন্ত্রের পক্ষে অত্যন্ত বিপদজনক। বিজেপি আরএসএস পরিচালিত কেন্দ্রীয় সরকার, সারা ভারতবর্ষ জুড়েই এই ঘৃণার বাতাবরণ তৈরি করছে। দিল্লী পুলিশের বর্বর আচরণে এই ঘৃণাই প্রতিফলিত হয়েছে। যা ভারতবর্ষের ধর্মনিরপেক্ষতা ও সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার ক্ষেত্রে প্রধান বাধা স্বরূপ।

জনমতের প্রবল চাপে সেই অফিসারকে সাসপেন্ড করা হয়েছে এ কথা ঠিক, কিন্তু ভবিষ্যতে এমন ঘটনা আর কোথাও যেন না ঘটে তা সুনিশ্চিত করা প্রয়োজন। এজন্য আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এর পক্ষ থেকে এই ঘটনার উপরুক্ত বিচার ও দোষী পুলিশ অফিসারের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাই।"

সংবাদদাতা

রাজীব সিকদার

অফিস সম্পাদক